দামুড়হুদা উপজেলায় ২২ টি পূজা মন্ডপের প্রস্ততি শেষ

দামুড়হুদা উপজেলায় ২২ টি পুজা মন্ডপবের প্রস্ততি শেষ, প্রতিমা বরণের বা মন্ডপগুলোতে পূজা-অর্চনা পাওয়ার অপেক্ষায় দেবী। ইতিমধ্যেই প্রতিমা তৈরি ও সাজানোর সকল কাজ শেষ। শেষ সময়ে ব্যস্ত সময় পার করছেন প্রতিমা শিল্পীরা।

আগামী শনিবার ১ অক্টোবর সকাল ৭ টা ২৪ মিনিট থেকে শুরু হচ্ছে হিন্দু ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা এবং ষষ্ঠী বিহিত পুজা প্রসস্ত সন্ধ্যায় দুর্গাপুজার বোধন, আমন্ত্রণ ও অধিবাস এর মধ্যে দিয়ে শুরু হবে পুজার আনুষ্ঠানুগতা।

দামুড়হুদা উপজেলা পূজা উদযাপন কমিটির সভাপতি আনন্দ কুমার ঘোষ ও সদস্য সচিব সনজয় হালদার বলেন, মা এবার ঘটকে চড়ে আসছেন আর নৌকায় চড়ে যাবেন। দামুড়হুদা উপজেলায় এ বছর ২২টি পূজা মন্ডপে শারদীয় দুর্গাপূজা অনুষ্ঠিত হচ্ছে। সুন্দর ও শান্তিপূর্ণ পরিবেশে উৎসব অনুষ্ঠানের লক্ষ্যে ইতিমধ্যেই সকল প্রস্ততি সম্পন্ন করা হয়েছে। শেষ সময়ে পূজার উৎসবকে পরিপূর্ণ রূপ দিতে মন্ডপগুলোতে চলছে ব্যাপক সাজ সাজ রব। ইতিমধ্যে বেশীর ভাগ মন্ডপগুলোতে প্রতিমার কাঠামো ও রং করার কাজ শেষ হয়েছে।

১ অক্টোবর থেকে শুরু হতে যাচ্ছে হিন্দু ধর্মের সব চেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা। স্থানীয় শিল্পী ছাড়াও বিভিন্নস্থান থেকে আগত শিল্পীরা এসে প্রতিমা তৈরী ও সাজ সজ্জার কাজ করছেন। প্রতিটি পূজা মন্ডপের জন্য তৈরি হচ্ছে দুর্গা, স্বরস্বতী, লক্ষ্মী, গণেশ, কার্তিক, অসূর, সিংহ, হাঁস, পেঁচা ও সাপসহ বিভিন্ন প্রতিমা।

দামুড়হুদা মডেল থানা ও দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস রহমান ও এএইচ এম লুৎফুল কবীর বলেন, হিন্দু ধর্মের সব চেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা। এ বছর দামুড়হুদা উপজেলায় ২২টি মন্ডপে শারদীয় দুর্গাপূজা অনুষ্ঠিত হতে যাচ্ছে। ইতিমধ্যে প্রতিটি পূজামন্ডপগুলো পরিদর্শন করেছি এবং প্রতিটি পূজা মন্ডপের সভাপতি ও সম্পাদকসহ সদস্যদের সঙ্গে মতবিনিময় করেছি। এ উৎসব শান্তিপূর্ণভাবে পালন ও নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে থানা

প্রশাসনের পক্ষ থেকে ব্যাপক প্রস্তুতি নেওয়া হয়েছে।

আশা করছি, কোথাও কোন সমম্যা হবে না। এর পরেরও কোন সমম্যা হলে কুইক রেসপন্সের মাধ্যমে সমাধান করা হবে এবং কোন প্রকার অপ্রিতিকার ঘটনা ঘটতে দেওয়া হবে না।